

পদত্যাগ করেছেন সাদেকা হালিম

অনলাইন ডেস্ক

১১ আগস্ট, ২০২৪
২১:১০

শেয়ার

অ +

অ -



অধ্যাপক ড. সাদেকা হালিম।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম পদত্যাগ করেছেন। তিনিসহ রেজিস্ট্রার ও প্রক্টর পদত্যাগ করেছেন বলেও জানা যায়।

রবিবার (১১ আগস্ট) সন্ধ্যায় এ তথ্য নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়টির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. আইনুল ইসলাম।

এ বিষয়ে ড. সাদেকা হালিম বলেন, ‘কিছুক্ষণ আগে রাষ্ট্রপতি বরাবর পদত্যাগপত্র পাঠিয়ে দিয়েছি।

,

এর আগে দুপুর আড়াইটায় উপাচার্য রেজিস্ট্রার প্রক্টরিয়াল বডি ও হল প্রভোস্টের পদত্যাগের দাবিতে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। তাদের পদত্যাগের জন্য ২৪ ঘণ্টা আল্টিমেটাম বেঁধে দিলেও তিন ঘণ্টার মধ্যে পদত্যাগ করেন তিনি।